

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
সরকারি মাধ্যমিক-৩ শাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

নম্বর: ৩৭.০০.০০০০.০৭১.০৫.০০৬.২০১৩ (অংশ)-১৫৭৫

তারিখ: ০১ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ  
১৬ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

**প্রজ্ঞাপন**

কালচাঁদপুর হাই স্কুল এন্ড কলেজ, গুলশান, ঢাকা গত ২৫-০২-২০১৬ তারিখে সরকারিকরণের প্রেক্ষিতে উক্ত শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত ০১ (এক) জন শিক্ষককে 'সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্মীকরণ বিধিমালা, ২০১৮' অনুযায়ী প্রতিষ্ঠান সরকারিকরণের তারিখ হতে তাঁর নামের পার্শ্বে বর্ণিত পদে এডহক ভিত্তিতে নিয়োগ প্রদানপূর্বক সরকারি কালচাঁদপুর হাই স্কুল এন্ড কলেজ-এ নিম্নোক্ত শর্তে পদায়ন করা হলোঃ

ক্রঃ নং	নাম ও জন্ম তারিখ	পদবি	বিষয়	বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল, ২০১৫)
১.	চন্দ্রা রানী দেবনাথ ৩১/১২/১৯৭৫	প্রভাষক নন-ক্যাডার	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯)

**শর্তসমূহ:**

- সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করতে হবে;
- প্রচলিত বিধি-বিধান অনুযায়ী চাকরি নিয়মিতকরণ ও স্থায়ীকরণ করা হবে;
- প্রচলিত বিধি মোতাবেক তার জ্যেষ্ঠতা ও বেসরকারি আমলে কর্মরত চাকরিকাল গণনা করা হবে;
- যদি কোনো বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার অঙ্গীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- আদেশ জারির তারিখ হতে সংশ্লিষ্ট শিক্ষকের Monthly Payment Order (MPO) বাতিল বলে গণ্য হবে এবং সরকারি বিধি মোতাবেক বেতন-ভাতা প্রাপ্য হবেন;
- এ শিক্ষা প্রতিষ্ঠানের আত্মীকৃত কোনো কর্মচারী অন্য কোন প্রতিষ্ঠানে বদলি হতে পারবে না;
- প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি/আদেশ প্রযোজ্য হবে;
- সরকার কর্তৃক প্রণীতব্য/প্রণীত বিধি ও বিধান দ্বারা তার চাকরি নিয়ন্ত্রিত হবে;
- যে কোনো প্রকার করণিক ভুল উপযুক্ত প্রমাণ সাপেক্ষে সংশোধনযোগ্য।

০২। বর্ণিত শিক্ষকের স্বাস্থ্য পরীক্ষা ও প্রাক চরিত্র সম্পর্কে যথাযথ কর্তৃপক্ষের সন্তোষজনক রিপোর্ট এবং বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (বি.পি.এস.সি) এর সুপারিশের ভিত্তিতে (প্রযোজ্য ক্ষেত্রে) পরবর্তীতে যথাযথ প্রক্রিয়ায় তাঁর চাকরি নিয়মিতকরণ ও স্থায়ীকরণ করা হবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

*মু. ২৬.৮.২৬*  
(মোহাঃ শাম্মী আক্তার)  
উপসচিব

ফোনঃ ৫৫১০০৩৩৭

ই-মেইল: [govt.sec3@moedu.gov.bd](mailto:govt.sec3@moedu.gov.bd)

নম্বর: ৩৭.০০.০০০০.০৭১.০৫.০০৬.২০১৩ (অংশ)-১৫৭৫

তারিখ: ০১ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ  
১৬ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
- ০৫। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ০৭। কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা।
- ০৮। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
- ০৯। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (এডহক নিয়োগ আদেশ জারির তারিখ হতে এম.পি.ও বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ১০। জেলা প্রশাসক, ঢাকা।
- ১১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৪। পুলিশ সুপার, ঢাকা (প্রয়োজনীয় পুলিশ তদন্ত সাপেক্ষে প্রতিবেদন প্রদানের অনুরোধসহ)।
- ১৫। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেট সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধসহ)।
- ১৬। সিভিল সার্জন, ঢাকা (প্রয়োজনীয় স্বাস্থ্য পরীক্ষা করে প্রতিবেদন প্রদানের অনুরোধসহ)।
- ১৭। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১৮। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
- ১৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২০। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ২১। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ২২। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, গুলশান, ঢাকা।
- ২৩। অধ্যক্ষ, সরকারি কালাচাঁদপুর হাই স্কুল এন্ড কলেজ, গুলশান, ঢাকা।
- ২৪। অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২৫। জনাব .....

